# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৩৫

৪৯/ কিরাআত (كتاب القراءات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা রূম

بَابٌ: وَمِنْ سُورَةِ الرُّومِ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ أَبِيهِ، عَنْ سُلَيْمَانَ الأَعْمَشِ، عَنْ عَطِيَّةَ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ لَمَّا كَانَ يَوْمُ بَدْرٍ ظَهَرَتِ الرُّومُ عَلَى فَارِسَ فَأَعْجَبَ ذَلِكَ الْمُؤْمِنِينَ فَنَزَلَتْ ‏(‏ الم * غُلِبَتِ الرُّومُ ‏)‏ إِلَى قَوْلِهِ ‏(يَفْرَحُ الْمُؤْمِنُونَ ‏)‏ قَالَ يَفْرَحُ الْمُؤْمِنُونَ بِظُهُورِ الرُّومِ عَلَى فَارِسَ ‏.‏ قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ ‏.‏ وَيُقْرَأُ غَلَبَتْ وَغُلِبَتْ يَقُولُ كَانَتْ غُلِبَتْ ثُمَّ غَلَبَتْ هَكَذَا قَرَأَ نَصْرُ بْنُ عَلِيٍّ غَلَبَتْ ‏.‏

বাংলা

২৯৩৫. নাসর ইবন আলী আল-জাহযমী (রহঃ) .... আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ বদর যুদ্ধের দিন রোমকরা পারস্যের উপর বিজয় লাভ করে। মু’মিনদের তাতে আনন্দ হয়। এই প্রসঙ্গে (পূর্বে) নাযিল হয়েছিলঃ (يَفْرَحُ الْمُؤْمِنُونَ)

আলীফ-লাম-মীম রোমকরা পরজিত হয়েছে। নিকটবর্তী অঞ্চলেও কিন্তু তারা এই পরাজয়ের পর শীঘ্রই বিজয়ী হবে। কয়েক বছরের মধ্যেই। পূর্বেই ও পরের সব সিদ্ধান্ত আল্লাহরই। আর সেই দিন মু’মিনগণও হর্ষোৎফুল্লাহ্ হবে (সূরা রূম ৩০ঃ ১-৫)। পারস্যের উপর রোমকদের বিজয়ে মু’মিনরা আনন্দিরা হয়।

হাদীসটি এই সূত্রে হাসান গারীব।غَلَبَتْ ওغُلِبَتْ উভয় রূপেই পঠিত আছে। তিনি বলেনঃ এরাغَلَبَتْ (পরাজিত) ছিল পরেغُلِبَتْ (বিজয়ী) হয়। নাসর ইবন আলী (রহঃ)-ও এইরূপ ভাবেغَلَبَتْ পাঠ করেছেন।

## English

Narrated Abu Sa'eed:
"On the Day of (the battle of) Badr, the Romans had a victory over the

Persians. So the believers were pleased with that, then the following was revealed: Alif Lam Mim. The Romans have been defeated..." up to His saying: '...the believers will rejoice. (30:1-4)" He said: "So the believers were happy with the victory of the Romans over the Persians.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38287

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন